সংবাদ

তারিখ . 1 0. JUL .2017 ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম .... ...৫....

টিআইবির উদ্যোগে

# রাজধানীর স্কুল শিক্ষার্থীদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা

নিজস্ব বার্তা পরিবেশক

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)'র উদ্যোগে ঢাকার বিভিন্ন মাধ্যমিক স্কুলের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বাংলাদেশ শিশু একাডেমিতে দিনব্যাপী এ প্রতিযোগিতায় মোট ২৯টি স্কুলের তরুণ আঁকিয়ে অংশগ্রহণ করে। "আমার স্বপ্নের বাংলাদেশ ও জলবায়ু পরিবর্তন" বিষয়ে এই প্রতিযোগিতায় প্রধান বিচারক ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিল্পী মুস্তাফা মনোয়ার। বিচারক হিসেবে উপস্থিত ছিলেন শিল্পী মনিরুজ্জামান ও সামিনা নাফিজ।

প্রধান অতিথির বক্তব্যে শিল্পী মুস্তাফা মনোয়ার বলেন, শিশুদের প্রতিভা বিকাশের লক্ষ্যে তাদের ইচ্ছা-অনিচ্ছার প্রতি গুরুত্ব দিতে হবে। শিশুদের ওপর কোন কিছু চাপিয়ে দিলে তাদের মেধা বিকাশের পথ বাধাগ্রস্ত হবে। বাংলাদেশ শিল্প ও সংস্কৃতি চর্চার দেশ। সুযোগ পেলে এ দেশের শিশুরা অনেক বড় শিল্পী হয়ে দেশ-বিদেশে প্রশংসিত হবে এবং দেশের সম্মান বয়ে আনবে।

অংশগ্রহণকারীদের অধ্যয়নরত শ্রেণীর ওপর ভিত্তি করে 'ক' ও 'খ' দু'টি বিভাগে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ষষ্ঠ শ্রেণী থেকে অষ্টম শ্রেণীর শিক্ষার্থীরা প্রতিযোগিতার 'ক' বিভাগে এবং নবম ও দশম শ্রেণীর শিক্ষার্থীরা 'খ' বিভাগে অংশগ্রহণ করে। প্রতিটি বিভাগের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী বিজয়ীদের ক্রেস্ট ও সনদসহ যথাক্রমে পাঁচ হাজার, তিন হাজার ও দুই হাজার টাকার সমমূল্যের বই পুরস্কার হিসেবে প্রদান করা হয়। উভয় বিভাগের বিশেষ মনোনয়নপ্রাপ্ত মোট দশ জন বিজয়ীর প্রত্যেককে সনদ ও এক হাজার টাকা সমমূল্যের বই পুরস্কার হিসেবে প্রদান করা হয়।

প্রতিযোগিতায় 'ক' বিভাগে প্রথম স্থান অধিকার করে ভিকারুননিসা নূন স্কুলের অষ্টম শ্রেণীর শিক্ষার্থী নাফিসা তাবাসসুম রিদি, দ্বিতীয় স্থান অধিকার করে টিঅ্যান্ডটি গার্লস হাই স্কুলের সপ্তম শ্রেণীর শিক্ষার্থী সামিয়া হক এবং তৃতীয় স্থান অধিকার করে মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের সপ্তম শ্রেণীর শিক্ষার্থী আরিয়ান হাসান খান। 'খ' বিভাগে প্রথম স্থান অধিকার করে ঢাকা সরকারি বধির হাই স্কুলের নবম শ্রেণীর শিক্ষার্থী হোসনা আক্তার স্মৃতি, দ্বিতীয় স্থান অধিকার করে ঢাকা আইডিয়াল ক্যাডেট স্কুলের দশম শ্রেণীর শিক্ষার্থী জিনাত আক্তার এবং তৃতীয় স্থান অধিকার করে ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের দশম শ্রেণীর শিক্ষার্থী মো. মিরাজ বিশ্বাস।

প্রতিযোগিতার অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের নিবন্ধনের শেষ সময় ছিল গত ১৬ জুলাই। এবারের বিশ্ব পরিবেশ দিবসে টিআইবি'র প্রতিপাদ্য ছিল 'টেকসই উন্নয়ন নিশ্চিতে পরিবেশ রক্ষায় চাই স্বচ্ছতা, জবাবদিহিতা ও নাগরিক অংশগ্রহণ'।